SA
ভারপ্রাপ্ত কর্মকর্তা দিন।
৩১/৮/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
(বাজেট শাখা)
www.molwa.gov.bd

বিষয়: বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (BMC) সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব অপরূপ চৌধুরী, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ০৭/০৮/২০১৭ খ্রিঃ |
| সভার সময় | : বিকাল- ০৩:৩০ টা |
| স্থান | : সভাকক্ষ, (৬ষ্ঠ তলা, কক্ষ নং-৬০৫) |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব (আইসিটি)-কে আহবান জানান। এরপর যুগ্মসচিব (আইসিটি) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থা সমূহের ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন সম্পর্কিত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র: নং: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ মূল্যায়ন প্রতিবেদনের বিষয়ে আলোচনা | ১.১: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন টিম কর্তৃক প্রস্তুতকৃত ও গত ৩০-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিশেষজ্ঞ পুলের সভার পরামর্শ সংযোজন করে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ এর মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। প্রস্তুতকৃত মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী মন্ত্রণালয়ের প্রাপ্ত নম্বর ৯৬.৩০ প্রমাণক দ্বারা সমর্থিত থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>১.২: অনুমোদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ এর মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.৩: মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম (১.৬) অংশে ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য নির্মিত বাসস্থানের সংখ্যা লক্ষ্যমাত্রার চেয়ে কম হওয়ায় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে ভবিষ্যতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের কার্যকরী ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করা হয়।<br>১.৪: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের তথ্যবাতায়নে প্রকল্পের তথ্য হালনাগাদ করণের জন্য উপ প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।<br>১.৫: মন্ত্রণালয়ের প্রাপ্ত নম্বর সন্তোষজনক হওয়ায় মন্ত্রণালয়ের এপিএ টিমসহ দপ্তর/সংস্থা প্রধানদের সভাপতি ধন্যবাদ জানান এবং সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-০৭-২০১৭ তারিখের ৭৬৫ নং স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাদের প্রণোদনা হিসাবে প্রশংসাপত্র, crest, letter of appreciation এবং প্রযোজ্য ক্ষেত্রে বিদেশ সফরে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুবিম<br>২। যুগ্ম সচিব (আইসিটি/উন্নয়ন), মুবিম<br>৩। উপসচিব (প্রশাসন-১), মুবিম<br>৪। উপসচিব (বাজেট), মুবিম<br>৫। উপ-প্রধান, মুবিম<br>৬। প্রকল্প পরিচালক, ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| ২। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ মূল্যায়ন প্রতিবেদনের বিষয়ে আলোচনা | ২.১: বার্ষিক কর্মসম্পাদন টিম কর্তৃক প্রস্তুতকৃত ও গত ৩০-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিশেষজ্ঞ পুলের সভার পরামর্শ সংযোজন করে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ এর মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। প্রস্তুতকৃত মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী জামুকার প্রাপ্ত নম্বর ৯৫.৪০ প্রমাণক দ্বারা সমর্থিত থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>২.২: সভাপতি জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের প্রাপ্ত নম্বর সন্তোষজনক বিধায় জামুকার ডিজিসহ তাঁর সংস্থা এপিএ টিমের সাথে কর্মরত কর্মকতাদের ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>২.৩: মন্ত্রিপরিষদ বিভাগের ৩০-০৭-২০১৭ তারিখের ৭৬৫ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাদের প্রণোদনা হিসাবে প্রশংসাপত্র, crest, letter of appreciation এবং প্রযোজ্য ক্ষেত্রে বিদেশ সফরে অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন। | ১। মহাপরিচালক, জামুকা |
| ৩। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ মূল্যায়ন প্রতিবেদনের বিষয়ে আলোচনা | ৩.১: বার্ষিক কর্মসম্পাদন টিম কর্তৃক প্রস্তুতকৃত ও গত ৩০-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিশেষজ্ঞ পুলের সভার পরামর্শ সংযোজন করে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ এর মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রাপ্ত নম্বর ৭৫.২০ সন্তোষজনক না হওয়ায় ২০১৭-১৮ অর্থবছরের এপিএ চুক্তির কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী তা বাস্তবায়নের জন্য বছরের প্রথম থেকেই আন্তরিক হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>৩.২: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০১৬-১৭ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে যে সকল প্রমাণক অদ্যাবধি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি তা আগামি ১০-৮-২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| ৪। | মুক্তিযুদ্ধ জাদুঘরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ মূল্যায়ন প্রতিবেদনের বিষয়ে আলোচনা | ৪.১: বার্ষিক কর্মসম্পাদন টিম কর্তৃক প্রস্তুতকৃত ও গত ৩০-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিশেষজ্ঞ পুলের সভার পরামর্শ সংযোজন করে মুক্তিযুদ্ধ জাদুঘরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-১৭ এর মূল্যায়ন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রাপ্ত নম্বর ৮৮.০০ সন্তোষজনক না হওয়ায় ২০১৭-১৮ অর্থবছরের এপিএ চুক্তির কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী তা বাস্তবায়নের জন্য বছরের প্রথম থেকেই আন্তরিক হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>৪.২: মুক্তিযুদ্ধ জাদুঘরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সূচকসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি বোর্ডকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সদস্য সচিব, ট্রাস্টি বোর্ড, মুক্তিযুদ্ধ জাদুঘর<br>২। মহা-ব্যবস্থাপক, মুক্তিযুদ্ধ জাদুঘর |

০৫। সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯-০৭-২০১৭
অপরূপ চৌধুরী
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০২০.০০৯.২০১৬-১৭-৫০৪

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ / ০৯ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব, বাজেট-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
০৫. বিভাগীয় প্রধান, পরিকল্পনা কমিশন (ভৌত অবকাঠামো বিভাগ) শেরে বাংলা নগর, ঢাকা।
০৬. মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৮. যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৯. ট্রাস্টি সদস্য, মুক্তিযুদ্ধ জাদুঘর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. উপসচিব (বাজেট শাখা-৮), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট/হিসাব) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১২. উপপ্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৩. প্রকল্প পরিচালক (সকল) ............................................................ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪. কর্মসূচি পরিচালক (সকল) .......................................................... মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সহকারী প্রধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম-সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
০৩. অফিস কপি।

মোঃ শফিকুল ইসলাম
উপসচিব (বাজেট)
dsbudget@molwa.gov.bd